

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩৩৪(আগরতলা-২৬।০৮)

গন্ডাছড়া, ২৬ আগস্ট, ২০১৯

পিছিয়ে পড়া জনজাতি মানুষের উন্নয়নই
সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র : মুখ্যমন্ত্রী

ত্রিপুরাকে একটি মডেল রাজ্য হিসেবে গড়ে তোলার দিশায় বর্তমান সরকার কাজ করছে। ত্রিপুরা একটি ছোট রাজ্য হওয়ার ফলে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে যেমন কিছু অসুবিধা রয়েছে তেমনি সুবিধাও অনেক আছে। ছোট রাজ্য হওয়ায় খুব অল্প সময়ের মধ্যেই রাজ্যকে উন্নত রাজ্যে পরিণত করা সম্ভব। আজ বিকেলে গন্ডাছড়ার পঞ্চরতনে রাজ্যের ২০তম শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। রাজ্যের প্রত্যন্ত গন্ডাছড়া মহকুমায় এই শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন অনুষ্ঠান ছিলো উৎসবমুখর। মহকুমার বিভিন্ন প্রান্তের মানুষ উৎসাহ উদ্দীপনা নিয়ে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংসদ রেবতী ত্রিপুরা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় ও ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদের চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া। তাছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান সচিব এস আর কুমার, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা কিরণ গিত্যে, বিশিষ্ট সমাজসেবী বিকাশ চাকমা ও আদিত্য সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা।

দু'শো আসন বিশিষ্ট গন্ডাছড়া মহকুমার পঞ্চরতনে শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী আরও বলেন, আকাশপথে গন্ডাছড়া আসার সময় অনেক জলাধার চোখে পড়লো। সরকার রাজ্যের সর্বত্র বৃষ্টির জল সংরক্ষণের জন্য এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে চেকড্যাম তৈরির যে পরিকল্পনা বাস্তবায়িত করছে এই নতুন জলাধারগুলি তারই নিদর্শন। এই মহকুমার জগবন্ধু-ধনুরাম পাড়া পর্যন্ত খুব শীঘ্রই পাকা সড়কের নির্মাণ কাজ শুরু হবে। কেন্দ্রীয় প্রকল্প সৌভাগ্য যোজনায় বিদ্যুতের সংযোগ দেওয়া হয়েছে প্রায় প্রতি ঘরে। অটল জলধারা প্রকল্পে দেওয়া হচ্ছে পানীয় জলের সংযোগ।

মুখ্যমন্ত্রী বলেন, পিছিয়ে পড়া জনজাতি মানুষের উন্নয়নই বর্তমান সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। জনজাতি অধুষিত এলাকার সড়ক, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য সহ সামগ্রিক বিকাশের দিশায় কাজ করছে সরকার। গন্ডাছড়া মহকুমা হাসপাতালের পরিকাঠামো ও পরিষেবার মান উন্নয়নে সরকার উদ্যোগ নিয়েছে। শীঘ্রই গন্ডাছড়া মহকুমা হাসপাতালে আরও চিকিৎসক দেওয়া হবে। তিনি বলেন, কাঞ্চনপুর ও গন্ডাছড়া এই দুই মহকুমা প্রাকৃতিক সম্পদে ভরপুর। এখানকার প্রাকৃতিক সৌন্দর্যের আকর্ষণে দেশ-বিদেশের পর্যটকগণ গন্ডাছড়ায় আসবেন। এই মহকুমার ডম্বুর জলাশয়কে উত্তর-পূর্ব ভারতের শ্রেষ্ঠ মিষ্টি জলের লেক বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, এই জলাশয়ের চারধারে সবুজ-শান্ত পাহাড় এই মহকুমার পর্যটন বিকাশের সম্ভাবনাকে অনেকটাই বাড়িয়ে দিয়েছে।

***২-এর পাতায়

^(২)

বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় রাজ্যে বিদ্যুৎ পরিষেবার আধুনিকীকরণে একটি কর্মসূচি রূপায়ণের কাজ শুরু হবে। এতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করে বলেন, যে শিল্প প্রশিক্ষণ কেন্দ্র এখানে আজ উদ্বোধন হলো এলাকার যুবক-যুবতীরা এখান থেকে প্রশিক্ষণ নিয়ে নিজেদেরকে দক্ষ উদ্যোগী হিসেবে গড়ে তুলতে পারবে। মুখ্যমন্ত্রী গন্ডাছড়া মহকুমার ডিগ্রি কলেজে বিজ্ঞান বিভাগ চালুর আশ্বাসও দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি সাংসদ রেবতী ত্রিপুরা গন্ডাছড়ায় শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হওয়ায় সরকারকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এর সুফল এই অঞ্চলের যুবক-যুবতীরা পাবে। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা। তিনি বলেন, গন্ডাছড়ায় শিল্প প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ফলে এলাকার দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হলো। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান সচিব এস আর কুমার।
